

তারিখ : 16/03/2017

আরবিআই ইন্ডোর স্থিত ট্রান্সপোর্ট কোঅপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উপর দন্ড আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 47 A (1) (b) তৎসহ পঠিত ধারা 46(4) -এর বিধানের অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে ঋণ সম্পর্কিত উন্মুক্ত রাশি (লোন এক্সপোজার) সংক্রান্ত বিধি, কেওয়াইসি বিধি, এবং আরবিআই ইনস্পেকশন রিপোর্ট-এর অনুপালন-এর সঙ্গে সংশ্লিষ্ট রিজার্ভ ব্যাঙ্কের আদেশবিধি/ নির্দেশিকা লঙ্ঘনের কারণে ইন্ডোর স্থিত ট্রান্সপোর্ট কোঅপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর উপর ₹ 5.00 লক্ষ (পাঁচ লক্ষ টাকা)-এর আর্থিক জরিমানা আরোপ করল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি 'কারণ দেখাও' নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাব বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং দন্ড আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনি : 2016-2017/2473

অনিরুধা ডি. যাদব

সহায়ক প্রবন্ধক